

তারিখ
পৃষ্ঠা ১২ কলাম

(১১-এর পাতার পর)

ঝালকাঠিতে কলেজছাত্রীকে শ্রীলতাহানির চেষ্টা ॥

বাকুবিতে ছাত্রীকে কুপ্রস্তাব

ঝালকাঠি, ৫ মার্চ, সংবাদদাতা ॥ রাজাপুর উপজেলা
দূরে প্রকাশ্য দিবালোকে ছাত্রদল নেতা মুরাদ গাজী

ঝালকাঠিতে কলেজছাত্রীকে

(১২-এর পাতার পর)

এক কলেজছাত্রীকে বাস থেকে নামিয়ে শ্রীলতাহানির
চেষ্টা করেছে। পুলিশ সূত্রে জানা গেছে, রাজাপুর মহিলা
কলেজের ছাত্রী কাঠিপাড়া গ্রামের শামিমা আক্তারকে
গত সোমবার প্রাইভেট পড়ে বাড়ি ফেরার পথে বেলা
সাড়ে ১২টার দিকে বাঘড়ী এলাকায় উপজেলা ছাত্রদল
সহসভাপতি মুরাদ গাজী কু প্রস্তাব দেয়। এতে সে ক্ষুব্ধ
হয়ে মুরাদকে গালমন্দ করে। এ পর্যায়ে বিক্ষুব্ধ মুরাদ ঐ
ছাত্রীকে ধাওয়া করে বাস থেকে নামিয়ে নেয়। এ সময়
স্থানীয় লোকজন এগিয়ে এসে শামীমাকে উদ্ধার করে।
খবর পেয়ে কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ঘটনাটি থানায়
জানালে পুলিশ তৎপর হয়।

এদিকে বাকুবি থেকে সংবাদদাতা জানান, মঙ্গলবার
বেলা ১১টায় বাকুবি গ্যারেজের সামনের রাস্তায় এক উগ্র
যুবকের হাতে এক ছাত্রী লাঞ্চিত হয়।

প্রত্যক্ষদর্শীরা জানায়, যুবকটি ছাত্রীকে অশোভন প্রস্তাব
দিলে সে তা প্রত্যাখ্যান করে। এতে যুবকটি ক্ষিপ্ত হয়ে
তাকে চড়খাপড় মারে ও ছাতা দিয়ে পিটায়। তার
আর্তচিৎকারে নিরাপত্তা শাখার কর্মীরা এসে যুবকটিকে
থামায়। এ সময় প্রখর রোদে রাস্তায় বসে ছাত্রীটি কান্নায়
ভেসে পড়ে। নিরাপত্তা কর্মকর্তা জানান, তারা উভয়েই
বাকুবির শিক্ষার্থী। প্রক্টর ড. নজরুল ইসলাম জানান,
ছাত্রীর গায়ে হাত তোলা মারাত্মক অপরাধ। এর বিরুদ্ধে
কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।